


২০২৪ সালে মুক্তির অপেক্ষায় থাকা সিনেমা

বছর ঘুরে নতুন বছর চলে এসেছে। ঢালিউডে মুক্তির অপেক্ষা রয়েছে বেশকিছু সিনেমা। ভালোবাসা দিবসকে কেন্দ্র করে বেশকিছু সিনেমা মুক্তির মিছিলে রয়েছে। বাংলাদেশের মার্কেটে দুটি ঈদ ব্যবসা করার জন্য উপযুক্ত সময়। ঈদকে কেন্দ্র করে ইতিমধ্যে নির্মাতারা নিজেদের সিনেমার কথা জানিয়ে দিয়েছেন। অনেকগুলো কাজের শুটিং ইতিমধ্যে শেষ, আবার কিছু সিনেমার শুটিং শুরু হবে। ২০২৪ সালে মুক্তির অপেক্ষায় থাকা সিনেমা নিয়ে আমাদের এবারের আয়োজন।




তুফান - রায়হান রাফি

শাকিব খানকে নিয়ে নতুন সিনেমা নির্মাণের ঘোষণা দিয়েছেন পরিচালক রায়হান রাফি। সিনেমার নাম 'তুফান'। দুই দেশের বড় তিনটি প্রযোজনা সংস্থা মিলে এই সিনেমায় লগ্নি করছে। ২০২৪ সালের ঈদুল আজহায় সিনেমাটি মুক্তি দেওয়ার পরিকল্পনা করা হয়েছে। মারকাটারি অ্যাকশন ধাঁচের ছবিতে শাকিব খানকে দেখার জন্য মুখিয়ে আছেন দর্শক। এবার তেমনই ধুকুমার ও হাইভোল্টেজ অ্যাকশন ধাঁচের ছবি করতে যাচ্ছেন ঢাকাই চলচ্চিত্রের এই শীর্ষ তারকা 'তুফান' সিনেমায় কাজ করার মাধ্যমে। ভারত ও বাংলাদেশ দুদেশের শিল্পীরা মিলিত হয়ে এতে কাজ করবেন। ফেব্রুয়ারিতে শুটিংয়ের আগেই চমক দিয়ে ছবির নায়িকার নাম জানানো হবে।



নূর - রায়হান রাফি

২০২১ সালে শুটিং শুরু হলেও আরিফিন শুভ অভিনীত সিনেমা 'নূর' এখনো মুক্তি পায়নি। ২০২৪ সালের ভালোবাসা দিবসে নির্মাতা রায়হান রাফি সিনেমাটি মুক্তির পরিকল্পনা করেছেন। চলচ্চিত্রে নাম ভূমিকায় অভিনয় করেছেন আরিফিন শুভ। তার বিপরীতে রয়েছেন জান্নাতুল ফেরদৌস ঐশী। অভিনয়ের পাশাপাশি সিনেমাটির নির্বাহী প্রযোজক হিসেবে রয়েছেন শুভ। আরিফিন শুভ ও জান্নাতুল ফেরদৌস ঐশী অভিনীত দ্বিতীয় সিনেমা 'নূর'। যার দৈর্ঘ্য এক ঘণ্টা ৩২ মিনিট।



দরদ - অনন্য মামুন

২০২৪ সালের ভালোবাসা দিবসে মুক্তি পাবে অনন্য মামুনের পরিচালিত 'দরদ' সিনেমা। এতে মুখ্য চরিত্রে দেখা যাবে শাকিব খানকে। বাংলাদেশের প্রথম প্যান ইন্ডিয়ান সিনেমা হতে যাচ্ছে এটি। এতে শাকিবের বিপরীতে অভিনয় করবেন বলিউড অভিনেত্রী সোনাল চৌহান। বাংলা, হিন্দি, তামিল, মালয়ালামসহ ৬ ভাষায় ছবিটি মুক্তি পাবে। একযোগে ৩২ দেশে ছবিটি মুক্তির পরিকল্পনা রয়েছে পরিচালক অনন্য মামুনের। সিনেমাটির প্রযোজনায যৌথভাবে আছে ভারতের এস কে মুভিজ, ওয়ান ওয়ার্ল্ড মুভিজ এবং বাংলাদেশের অ্যাকশন কাট এন্টারটেইনমেন্ট ও কিবরিয়া ফিল্মস।



কাজলরেখা - গিয়াস উদ্দিন সেলিম

গিয়াস উদ্দিন সেলিমের নতুন সিনেমা 'কাজলরেখা' অনেকবার মুক্তির কথা শোনা গেলেও অবশেষে ২০২৪ সালের ৯ ফেব্রুয়ারি মুক্তি পাচ্ছে। সিনেমায় প্রধান চরিত্রে অভিনয় করছেন শরিফুল রাজ ও মন্দিরা চক্রবর্তী। ময়মনসিংহের প্রাচীন পালাগানের সংকলন 'মৈমনসিংহ গীতিকা' অবলম্বনে 'কাজলরেখা' সিনেমা নির্মাণ করছেন পরিচালক গিয়াস উদ্দিন সেলিম। ২০১৯-২০ অর্ধবছরে সরকারি অনুদানপ্রাপ্ত সিনেমা 'কাজলরেখা'র বিভিন্ন চরিত্রে আরও আছেন ইরেশ যাকের, মিথিলা, আজাদ আবুল কালাম, খায়রুল বাশার, সাদিয়া আয়মানসহ অনেকে। নেত্রকোনার সুসং দুর্গাপুরে বিশাল সেট তৈরি করে হয়েছে সিনেমার শুটিং।



নীল চক্র - মিঠু খান

'নীলচক্র' নামে সিনেমা পরিচালনা করছেন মিঠু খান। সিনেমাটির চিত্রনাট্য ও কাহিনিবিন্যাস করেছেন নাজিম উদ দৌলা ও মিঠু খান। জানুয়ারি মাস থেকে সিনেমার শুটিং শুরু হওয়ার কথা রয়েছে। সমসাময়িক একটি গল্প দেখতে পাওয়া যাবে সিনেমায়। গল্পের প্যাটার্ন ডার্ক। ফিল্ম ফায়োস প্রডাকশন প্রযোজিত ও ফিল্ম লাইফ প্রডাকশন নিবেদিত এই সিনেমায় আরিফিন শুভর সঙ্গে আরো অভিনয় করছেন মন্দিরা চক্রবর্তী, ফজলুর রহমান বাবু, দীপান্বিতা মার্টিন, শাহেদ আলী, টাইগার রবি, মনির আহমেদ শাকিল, প্রিয়ন্তী উর্বা, মাসুম রেজওয়ান, ডলার প্রমুখ।